গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

সমন্বয় শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

জরুরি

নম্বর ১৬.০০.০০০০.০২১.১৬.০০১.১৮.১৮৯

তারিখ: ২২ আষাঢ় ১৪২৮

০৬ জুলাই ২০২১

জরুরি বিজ্ঞপ্তি

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৫.০৭.২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩ নম্বর পত্র (৩০.০৬.২০২১ খ্রি. তারিখের পত্রের অনুবৃত্তিক্রমে) মারফত পূর্বে আরোপিত সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের সময়সীমা ০৭ জুলাই ২০২১ খ্রি. তারিখ মধ্যরাত থেকে ১৪ জুলাই ২০২১ খ্রি. তারিখ দিবাগত রাত ১২.০০ টা পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

২। তৎপ্রেক্ষিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ৩০.০৬.২০২১ খ্রি. তারিখে জারীকৃত ১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.৬১১ নম্বর জরুরি বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে দেশের বর্তমান প্রেক্ষাপটে সকল ধর্মের ধর্মীয় প্রতিষ্ঠানে আরোপিত বিধি-নিষেধ এবং মসজিদসমূহে জামায়াতে নামাজ আদায়ের জন্য আবশ্যিকভাবে নিম্নবর্ণিত শর্তসমূহ পালনের জন্য অনুরোধ করা হলো:

(ক) মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে এবং আগত মুসল্লিদেরকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে;

(খ) মহানবী হজরত মুহাম্মদ (সা.) সাধারণ অবস্থায়ও সুন্নত ও নফল নামাজ বাসায় আদায় করে ফরজ নামাজ জামায়াতের সাথে মসজিদে আদায় করতেন। বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে প্রত্যেক মুসল্লিকে নিজ নিজ বাসা থেকে ওযু করে, সুন্নত ও নফল নামাজ ঘরে আদায় করে শুধুমাত্র ফরজ নামাজ মসজিদে আদায় করতে হবে এবং ওজু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে;

(গ) মসজিদে কার্পেট বিছানো যাবে না। পাঁচ ওয়াক্ত নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুনাশক দ্বারা পরিস্কার করতে হবে, মুসল্লিগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসতে হবে;

(ঘ) কাতারে নামাজে দাঁড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব নিশ্চিত করতে হবে;

(ঙ) শিশু, বয়োবৃদ্ধ, অসুস্থ ব্যক্তি ও অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি জামায়াতে অংশগ্রহণ করা হতে বিরত থাকবেন;

(চ) সংক্রমণরোধ নিশ্চিতকল্পে মসজিদের ওযুখানায় সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না;

(ছ) সর্বসাধারণের সুরক্ষা নিশ্চিতকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;

(জ) করোনা মহামারির এ বৈশ্বিক মহাবিপদ হতে রক্ষা পেতে বেশি বেশি তওবা, আস্তাগফিরুল্লাহ ও কুরআন তিলাওয়াত করতে হবে এবং আমাদের কৃত অন্যায়-অপরাধ এর জন্য নামাজ শেষে মহান রাব্বুল আলামিনের দরবারে ক্ষমা প্রার্থনা করতে হবে; এবং

(ঝ) সম্মানিত খতিব, ইমাম এবং মসজিদ পরিচালনা কমিটি বিষয়গুলোর বাস্তবায়ন নিশ্চিত করবেন।

৩। অন্যান্য সকল ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয়ে প্রবেশের ক্ষেত্রে মাস্ক পরিধান, হ্যান্ড স্যানিটাইজার/সাবান দিয়ে হাত ধোয়াসহ স্বাস্থ্যবিধি মেনে সামাজিক ও শারীরিক দুরত্ব যথাযথভাবে অনুসরণ করবেন।

৪। উল্লিখিত নির্দেশনা লঙ্ঘিত হলে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী সংশ্লিষ্ট দায়িত্বশীলদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন। প্রাণঘাতি করোনা ভাইরাস সংক্রমণ রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী,

ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটিকে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



৬-৭-২০২১
মোহাম্মদ কুদ্দুছ আলী সরকার
উপসচিব (সমন্বয় ও সংস্কার)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, .......................... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৫) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৭) সচিব, .......................... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৮) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯) মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
১০) প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি সকল ইলেকট্রনিক ও প্রেস মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
১১) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪) বিভাগীয়, কমিশনার (সকল )
১৫) মেট্রোপলিটন পুলিশ , কমিশনার (সকল)
১৬) উপ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ (সকল রেঞ্জ)
১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/গাজীপুর/নারায়নগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন
১৮) জেলা, প্রশাসক (সকল)
১৯) পুলিশ, সুপার (সকল)
২০) পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা
২১) মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২২) মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য) ।
২৪) সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

২৫) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮) সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৯) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) , (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।

৩০) মেয়র, (সকল পৌরসভা)।

৩১) সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

৩২) সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

৩৩) পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।

৩৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩৫) অফিসার ইনচার্জ, সকল থানা (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।

৩৬) অফিস, কপি।

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০

www.dscc.gov.bd

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০৪.২৯৩.২০২০-৬৭৭

তারিখ ঃ ২৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থেঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৬.০৭.২০২১ খ্রিঃ তারিখের ১৬.০০.০০০০.০২১.১৬.০০১.১৮.১৮৯ সংখ্যক স্মারকীয় পত্রের বিষয়ে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য পত্রের অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সম্মানিত কাউন্সিলর (সকল), সাধারণ ওয়ার্ড নং......./সংরক্ষিত আসন........, ঢাদসিক।
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-...............................,ঢাদসিক।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাদসিক।
৫। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০০০.০৩.০৪.২৯৩.২০২০, তারিখ-০৯/৬/২০২০ খ্রিঃ)।

১৩/৭/২১

(মুহাম্মদ মোতালেব)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

১৩/৭/২০২১